শিক্ষক নিয়োগ বাণিজ্যে মূল হোতা সাবেক মনি মেম্বার ও সুনীল মাস্টার

চুয়াডাঙ্গা সদর উপজেলার মাখালডাঙ্গা ইউনিয়নের কুকিয়াচাঁদপুর প্রতিবন্ধী স্কুলে শিক্ষক নিয়োগের ভারে স্কুল নিজেই হয়ে গেছে প্রতিবন্ধী। কিছু টিন আর ভাঙ্গাচুরা ছাপড়া ছাড়া আর কিছুই চোখে বাধেনা। শিক্ষক নিয়োগ বাণিজ্যের সাথে জড়িত মূলহোতারা রয়েছেন ধরাছোঁয়ার বাইরে। শিক্ষক নিয়োগের নামে তাঁরা হাতিয়ে নিয়েছেন লক্ষ লক্ষ টাকা।

নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক ভুক্তভোগী জানান, কুকিয়াচাঁদপুর গ্রামের প্রতিবন্ধী স্কুলে শিক্ষক নিয়োগের নামে একই গ্রামের মৃত কিয়ামদ্দিনের ছেলে মনি সাবেক মেম্বার (৫৫) ও মৃত মুরালী মহন সাহার ছেলে সুনীল মাস্টার (৪৭) মোটা অংকের টাকা হাতিয়ে নিয়েছেন। এছাড়া প্রতিবন্ধী শিক্ষার্থীদের স্কুলে আনা-নেওয়ার জন্য ভ্যান ক্রয়ের নামে কয়েকজন ভ্যানচালকের কাছ থেকেও হাতিয়ে নিয়েছেন জন প্রতি ৫০ হাজার টাকা। সুনীল মাস্টার এবং মনি মেম্বার গড়ে তুলেছে তাদের সন্ত্রাসী কায়দার রাজত্ব বড় নেতা বনে গেছে নিজ এলাকায় ভুক্তভোগীরা টাকা ফেরত চাইলে দেয়া হচ্ছে ভয়-ভীতি সহ অনেক হুমকি ধামকি। এই বিষয়ে সুনীল মাস্টার ও মনি মেম্বার এর সাথে মুঠো ফোনে বারবার যোগাযোগ করার চেষ্টা করল তারা ফোন রিসিভ করেনি।

এ ঘটনায় ভুক্তভোগী পরিবারগুরো একেবারে পথে বসে গিয়েছে। অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন ভুক্তভোগীরা।